



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/ময়মন/২০১৯/ ১৭৬৬

তারিখঃ ০৭/১০/১৯

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র : সহকারী প্রধান শিক্ষকের ২৪/০৭/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন আঠারবাড়ী এম.সি উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক এ.কে.এম জহিরুল ইসলামের গত ২৪.০৭.১৯ তারিখের আবেদনের প্রেক্ষিতে জানা যায় যে, তার উপর আনীত অভিযোগ চূড়ান্ত ভাবে প্রমানিত না করেই (যেহেতু সরকারিভাবে তদন্ত কমিটি গঠন ও তদন্তের আবেদন উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকটি ০১.০৯.১৯ তারিখে আবেদিত) সহকারী প্রধান শিক্ষকের পদ থেকে পত্র নং আ.বা.এম.সি.উ.বি/ঈশ্বর/১৯/৬৮ মূলে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। উল্লেখ্য যে, বিদ্যালয়টিতে কর্মরত সর্বকনিষ্ঠ (১০ম গ্রেড) একজন সহকারী শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান করা হয়েছে যা “সরকারি নির্দেশনার পরিপন্থী”।

এমতাবস্থায়, সহকারী প্রধান শিক্ষকের পদ থেকে সাময়িক বরখাস্ত কেন বিধি বর্হিভূত হবে না ও একজন জুনিয়র(১০ম গ্রেড) সহকারী শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬ তাং-০৬/০৬/২০১১খ্রি: জারীকৃত পরিপত্রের পরিপন্থী হবে না এই মর্মে আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে বোর্ডকে উপযুক্ত ব্যাখ্যা দানের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, গত ১৯.০৯.১৯ ইং তারিখে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে দেয় শোকজ এর জবাব যথাযথ না হওয়ায় প্রধান শিক্ষক ভারপ্রাপ্তকে রুটিন ওয়াক ও একাডেমিক কার্যক্রম ছাড়া অন্যান্য কার্যক্রম থেকে বিরত রাখার জন্য নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

প্রাপক : সভাপতি, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি

আঠারবাড়ী এম.সি. উচ্চ বিদ্যালয় (EIN- 111777)

ডাকঘর : আঠারবাড়ী, উপজেলা : ঈশ্বরগঞ্জ,

জেলা : ময়মনসিংহ।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

মেমো নং- ১৭৬৬(৫)

তারিখঃ ০৭/১০/১৯

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১. উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
৩. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৪. প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), আঠারবাড়ী এম.সি. উচ্চ বিদ্যালয়, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
৫. অফিস কপি।

০৭/১০/১৯

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

০৭/১০/১৯